তারিখ ... 12 JUN 1991 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2

দৈনিক ইত্তেফাক

247

# ছাত্র সংগঠনে অস্ত্রধারীদের আশ্রয় না দেওয়ার আহবান

( ইত্তেফাক রিপোর্ট )

সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং বিভিন্ন ছাত্র সংগঠনের যৌথসভায় ছাত্র সংগঠনে অস্ত্রধারীদের আশ্রয় বা প্রশ্রয় না দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকল মহলের প্রতি আহ্বান জানান হইয়াছে। ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় প্রক্টর, সকল হলের প্রভোষ্টবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় ক্যাম্পাস হইতে অস্ত্রধারীদের গ্রেফতার করার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নিরপেক্ষ ভূমিকা পালনের আহ্বান জানান হয়। সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, কোন আবাসিক হলে অস্ত্রধারীদের গ্রেফতারের জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রবেশ করিলে বা ক্যাম্পাসের ভিতরে অথবা বাহির হইতে অস্ত্রধারী বা শৃঙ্খলা ভঙ্গকারী কাউকে গ্রেফতার করিলে কোন সংগঠন প্রতিবাদ জানাইবে না।

( শেষ পৃ: ২-এর ক: দ্র:)

## ছাত্র সংগঠনে

(১ম পৃ: পর)

সভায় প্রো-ভিসি, প্রক্টর, সকল হল প্রভোষ্ট, সিণ্ডিকেটের শিক্ষক সদস্যবৃন্দ, ২২টি ছাত্র সংগঠন ও ডাকসুর দুইজন প্রতিনিধি, বিশ্ববিদ্যালয়ের আভ্যন্তরীণ এসোসিয়েশনের দুইজন প্রতিনিধির সমন্বয়ে শিক্ষা পরিবেশ পরিষদ পুন: গঠনের আহ্বান জানান হয়।

ATION AND STATISTICS
SHEET — OF — SHEETS
3. SYSTEM
4. DATE
75 76 77 78 79 80